200Rs.

INDIA NON JUDICIAL

२०० रु. Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES

মঃ ৫৯৫৯.০০ পাচ হাজার নয়শত উনষাট টাকা

পণমূল্যের সাফ বিক্রয় কোবালা ॥

*************************************

কোবালা গ্রহীতা :-

***************

শ্রী অশোক কুমার দাস , পিতা - সুধীন্দ্র কৃষ্ণ দাস , জাতি হিন্দু , পেশা চাকুরী , সাং - ৪৮।১৭, সুইস পার্ক , থানা টালিগঞ্জ, কলিকাতা ৩৩ ।

কোবালা দাতা ও দাত্রি :-

*****************

১) শ্রী পল্লব কুমার দেব , ২) শ্রী চন্দন কুমার দেব , ৩) শ্রী অর্জুন কুমার দেব , ৪) বুলা দেব , সকলের পিতা - মৃত অজিত কুমার দেব , সর্বজাতি হিন্দু , ১ হইতে ৩ নং পেশা ব্যবসা , ৪ নং-এর পেশা গৃহস্থালী, সকলের সাং - ১৭।বি , বাপুজীনগর , থানা যাদবপুর, কলিকাতা - ৯২ ।

৩ ও ৪ নং দাতা ও দাত্রির পক্ষে ২৮.১.৮৫ তারিখে আলিপুর ডিঃ রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৪ নং বহির ৬১ নং সাধারণ আমমোক্তারনামা দলিল মূলে নিযুক্ত আমমোক্তার ও স্বয়ং :-

৫) শ্রীমতী বীথিকা দেব , স্বামী - মৃত অজিত কুমার দেব , জাতি হিন্দু পেশা গৃহস্থালী , সাং - ১৭।বি , বাপুজীনগর , থানা যাদবপুর , কলিকাতা - ৯২ ॥

*********** 000 ***********

কস্য রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট শালি জমিজমা যায় সর্ববিধ ইজমেন্ট রাইট এবং সংলগ্ন রাস্তার উপরি ও তলদেশের সকলপ্রকার ইজমেন্ট রাইট ও যানবাহনাদি সহ চলাচলের ক্ষমতাসমেত দরবস্ত হক হকুক সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় নিঃশর্ত সাফ

No. 12628 28.3.85

12628

Presented for Registration at 11/p.m. A.M./P.M. on the 4th day of April 1985 at the Office of the Sub-Registrar, Alipore, 24 Parganas by Pallav Kr. Deb Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney of Executant / Claimant under a Power of Attorney No. ... of 19... authenticated by ...

Son / Wife / Daughter of Ajit Kr. Deb of Bapujinagar Thana District 24 Parganas by Caste / Hindu / Muslim by profession ...

Sub-Registrar, Alipore, 24-Parganas 4/4/85

শ্রী পল্লব কুমার দেব

4702

শ্রী পল্লব কুমার দেব

4703

শ্রী অজিত কুমার দেব ও
বুলা দেব পক্ষে দ রখাস্ত
অ ভাব ও স্বাং
শ্রীমতী বীথিকা দেব,

4704

Alok Basu

Son / Wife / Daughter of Tarapada Basu of Alipore Police Lines Thana District 24 Parganas by Caste / Hindu / Muslim by profession Business

Sub-Registrar, Alipore, 24-Parganas

4/4/85

শ্রী অলোক বসু




100 Rs.

॥ ২ ॥

বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে :—

জেলা ২৪ পরগণা , থানা সাবেক সদরটালিগঞ্জ , বর্তমানে কশবা থানার অন্তর্গত , সাবরেজিষ্ট্রী আলিপুর , পরগণা খাসপুর , জেলা কালেকটারীর ৩-৫, ১২ নং তৌজিভুক্ত রেঃ সাঃ নং ২ , জেঃ এলঃ ২০ নং মৌজা — কালিকাপুর গ্রামে সাবেক ১৫৫ নং খতিয়ানভুক্ত মোট ৮.১১ শতক জমির কাত বার্ষিক ৩১ টাকা জমার জমি মধ্যে সাবেক ৩০৬।৩১৩ নং দাগ যাহা হাল রিভিস্যানাল জরিপের ১৬৯ নং খতিয়ানভুক্ত ৩৬৫ নং দাগে যে জমিজমা লেখা যায় তাহা জনৈক ভোলানাথ বাড়ুই মহাশয় বিগত ইং ১৯.২৫ তারিখে মালিক জমিদার স্ব বংকিম চন্দ্র সাপুইয়ের নিকট হইতে রেজিষ্ট্রীকৃত পাট্টামূলে বন্দোবস্ত লহেন । উক্ত বন্দোবস্ত লওয়া জমিতে চাষাবাদের দ্বারা ~~ভোগদখল~~ ভোগদখল করিতে থাকাকালীন উক্ত ভোলানাথ বাড়ুই তাহার দুই পুত্র শ্রী খগেন্দ্র নাথ বাড়ুই ও নাবালক সুধীর বাড়ুইকে তাহার ত্যক্ত সম্পত্তির ওয়ারিশ উত্তরাধিকারী রাখিয়া ও আর কোন ওয়ারিশ না রাখিয়া এবং কোনপ্রকার উইলাদি না করিয়া পরলোকগমন করিলে পর তাঁহার উক্ত পুত্রদ্বয় পিতার ত্যক্ত সম্পত্তি পৈতৃক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া তাহাতে সত্ত্বাধিকারী থাকিয়া বিগত ইং ১৯৩৬ সালের মোকাম আলিপুর ডিঃ রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ৫৩ নং ভল্যুমের ২২৯ হইতে ২৩১ নং পাতায় লিপিবদ্ধ ২০৩৪ নং বিক্রয় কোবালা দলিল মূলে সাং - কালিকাপুর , থানা যাদবপুর , জেলা ২৪ পরগণা নিবাসী শ্রী মানিক চন্দ্র প্রামানিকের

28/3/85

4/4/85

75 Rs.

INDIA

75 Rs

SEVENTY FIVE RUPEES

॥ ৩ ॥

শ্রীমতী পিপুলা মনি ( দাসী ) প্রামানিকেরনিকট বিক্রয় করিয়া দিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ববান ও দখলচ্যুত হয়েন । পরবর্তী সময়ে উক্ত শ্রী সুধীর চন্দ্র বাড়ুই সাবালক প্রাপ্ত হওয়ায় পূর্বে বিক্রীত সম্পত্তিতে তাহার কোন দাবি না করিয়া বিগত ইংরাজি ১৯৫২ সালে আলিপুর সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বহির ১০৩ নং ভল্যুমের ২২৬ হইতে ২২৭ নং পাতায় লিপিবদ্ধ ৬৬৮০ নং এককেতা নাদাবী পত্র সম্পাদন করিয়া দিয়া ও রেজিস্ট্রী করিয়া দিয়া তাহার বিক্রীত সম্পত্তিতে তাহার নিঃস্বত্বতা প্রমাণ করেন । ইতিমধ্যে রিভিস্যানাল সেটেলমেন্ট উপস্থিত হইলে জমিদারী উচ্ছেদ আইনের প্রবর্তন হওয়ায় উক্ত শ্রীমতী পিপুলা মনি ( দাসী ) প্রামানিক মহাশয়া তাহার খরিদা জমির দরুন উপরিস্থিত মালিক পঃবঃ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেকটার বাহাদুর অধিন থাকিয়া রায়ত দখলী স্বত্বে উক্ত সেটেলমেন্টের রেকর্ডে তাহার নিজ নাম রেকর্ডভুক্ত করিয়া খাসে স্বত্ববতী ও মালিক দখলীকার নিযুক্ত থাকিয়া অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নির্ব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকাকালীন বিগত ইং ১৪.৭.১৯৭৫ তারিখে ডিঃ রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বহির ১৬৩ নং ভল্যুমের ৭৮ হইতে ৮৪ নং পাতায় লিপিবদ্ধ ১৯৭৫ সালের ৬৬১৭ নং বিক্রয় কোবালা মূলে সাং ও থানা - বাগনান , জেলা হাওড়া নিবাসী মৃত নন্দ লাল মিত্রের পুত্র শ্রী শান্তি প্রসাদ মিত্রের নিকট বিক্রয় করিয়া এবং উক্ত তারিখে উক্ত অফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বহির ১৭৮ নং ভল্যুমের ৪৬ হইতে ৫৩ নং পাতায় লিপিবদ্ধ ১৯৭৫ সালের ৬৬১৬ নং বিক্রয় কোবালা দলিল মূলে সাং — ২০ নং কিউ রোড , ব্যাটরা , দাসনগর , জেলা হাওড়া নিবাসী মৃত পঞ্চানন বসু মল্লিকের স্ত্রী শ্রীমতী লতিকা রাণী বসু মল্লিকের নিকট বিক্রয় করিয়া উক্ত সমুদয় সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন । তৎপর আমাদের পূর্বাধিকারী বর্তমানেমৃত অজিত কুমার

[illegible]

4/4/85

20 Rs.

সত্যমেব জয়তে

भारत

INDIA

২০রু.

TWENTY RUPEES

20RS

॥ ৪ ॥

দেব মহাশয় বিগত ইং ২১৯৮৪ তারিখে আলিপুর ডিঃ রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১১১৬১ ও ১১১৮০ নং দলিল মূলে শ্রীমতী লতিকা রাণী বসু মল্লিকের নিকট হইতে খরিদ এবং ৭.১২.৮৪ তারিখে উক্ত রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৪৩৫৩ ও ১৪৩৫৪ নং কোবালা দলিল মূলে উক্তশাক্তি প্রসাদ মিত্রের নিকট হইতে খরিদ করিয়া খরিদা জমিজমামধ্যে অনেকাংশ জমি বিক্রয় করিয়া বাদবক্রি জমিজমায় অন্যের বিনা স্বত্ব সংস্রবে খাসে স্বত্ববান ও মালিক দখলিকার থাকিয়া নির্ব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকাকালীন বিগত ইং ১৬.১২.১৯৮৪ তারিখে আকস্মিকভাবে পরলোকগমন করিলে এবং মৃত্যুর পূর্বে কোনপ্রকারে উইলাদি না করিয়া যাওয়ায় উক্ত অজিত কুমার দেবের পরিত্যক্ত সম্পত্তিতে আমি ৫ নং কোবালা দাত্রি তাহার একমাত্র স্ত্রী এবং ১ নং হইতে ৪ নং কোবালা দাতা ও দাত্রি তাহার পুত্র কন্যা ওয়ারিশ সূত্রে মালিক দখলিকার নিযুক্ত হই। এমতপ্রকারে আমরা কোবালা দাতা ও দাত্রিগণ উক্ত অজিত কুমার দেবের ত্যক্ত সমূদয় সম্পত্তিতে ও নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তিতে অন্যের বিনা স্বত্ব সংস্রবে খাসেস্বত্ববান ও মালিক দখলিকার হইয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে এযাবৎকাল চাষাবাদের দ্বারা নির্ব্যূঢ় স্বত্ব-এ নির্বিবাদে ভোগদখল করিয়া আসিতেছি।

প্রকাশ থাকে যে, আমরা কোবালা দাতা ও দাত্রিগণ ভিন্ন উক্ত অজিত কুমার দেবের অপর কোন ওয়ারিশ উত্তরাধিকারী নাই।

এইক্ষণে আমাদের নানাপ্রকার বৈধ ও সঙ্গত কারণে এবং নগদ টাকার বিশেষ আবশ্যকে নিম্নের তপশীল বর্ণিত এবং অত্র দাখিল সাথ সংযোজিত নকসায় লাল রঙের সীমারেখা দ্বারা চিহ্নিত ও ১৭ নং প্লট রূপেপ্রদর্শিত ৩ তিন কাঠা ১৫ পনের ছটাক ৩০ ত্রিশ স্কোয়ার

12631 28/3/85

4/4/85

1Rº




॥ ৫ ॥

ফুট পরিমিত শালি জমি বিক্রয়ের ঘোষণা করিলে অত্র কোবালা গ্রহীতা আপনি তাহা অবগত হইয়া উহা বাজারোচিত ৫৯৬৯, পাঁচ হাজার নয় শত উনসত্তর টাকা পণমূল্যে খরিদ করিতে ইচ্ছুক হইয়া আমাদের নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমরা অত্র কোবালা দাতা ও দাত্রিগণ আপনার প্রস্তাবিত পণমূল্য ন্যায়সঙ্গত বিবেচনা করিয়া উক্ত পণমূল্যেই উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত জমিজমা আপনার নিকট বিক্রয় করিতে সম্মত থাকিয়া অদ্যকার তারিখে আপনার নিকট হইতে পণের সমুদয় টাকা নগদ গ্রহণ করিয়া এবং তাহার প্রাপ্তি স্বীকারে আপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সম্পাদন করিয়া দিয়া এতদ্দ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :–

বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত ও নকসায় প্রদর্শিত সম্পত্তিতে আমাদের যে সকল স্বত্ব, সামিত্ব, লভ্য, দখল, অধিকার, স্বার্থ সংশ্রব, হক হকিয়ত, দাবি দাওয়া প্রভৃতি ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে অত্র কোবালা বলে আমাদের হইতে চিরতরে রদ, রহিত, ধ্বংস ও বিলুপ্ত হইয়া আপনার ওয়ারিশানগণক্রমে আপনাতে চিরতরে অর্শিল, বর্ত্তিল ও পর্য্যাপ্ত হইল। আপনি আমাদের বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলিকার হইয়া উপরিস্থিত মালিক সরকারে ও কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানে আমাদের নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তণ করতঃ ধার্য্যকৃত খাজনাদি ও ট্যাক্সাদি আদায় দিয়া উহা দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি সকলপ্রকার হস্তান্তর, অবস্থান্তর ও সর্ববিধ রূপান্তর করণের ক্ষমতাযুক্তে আপনি মায় আপনার পুত্র পৌত্রাদি ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্ত ব্যক্তিগণক্রমে পরমসুখে ভোগদখলকরিতেথ থাকিবেন ও থাকুন। তাহাতে

28/3/85

48/17

4/4/85

।। ৬।।

আমরা কিম্বা আমাদের ওয়ারিশানগণক্রমে কেহ কস্মিনকালে কোনপ্রকার ওজর আপত্তি বা দাবি দাওয়া করিতে পারিব না বা পারিবে না। করিলেও তাহা অত্র দলিল বনিয়াদে সর্বস্থানে এবং সর্বপ্রকার অফিস আদালতে আইনতঃ, অসিদ্ধ, অগ্রাহ্য, বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তি আমরা ইতিপূর্বে অন্য কাহাকেও দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি কোনপ্রকারে হস্তান্তর কিম্বা হস্তান্তরের কোনপ্রকার চুক্তি কিম্বা অন্য কোনপ্রকারে দায় সংযোগ বা দায়াবদ্ধ করি নাই বা করা নাই। উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভূত সম্পত্তি নহে উহা সরকার কর্তৃক ভেস্ট হয় নাই। উহাতে অপর কোন শরিক, অংশীদার বা দাবিদার নাই। উহা কোন এ্যাকুইজিশান বা রিকুইজিশানে গৃহীত হয় নাই বা সেকারণে অদ্যাবধি কোন নোটিশাদি পাই নাই। উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় এবং মুক্ত অবস্থায় আমাদের খাসে ও দখলে থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিলাম এবং উহার খাস দখল অদ্যই আপনার অনুকূলে পরিত্যাগ করিলাম।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোন উক্তি মিথ্যা বা অশুদ্ধ বলিয়া প্রকাশ পাইয়া তপশীল বর্ণিত সম্পত্তিতে আপনার ভোগদখলের পক্ষে কোন বাধা বিঘ্ন ঘটে এবং তাহা মোচন করিতে আমরা অসমর্থ হইলে আপনার দেওয়া পণের টাকা মায় যাবতীয় ক্ষতি খরচার টাকাসহ ফেরত দিতে বাধ্য থাকিয়া মাফিক আইন আমলে আসিব।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোনভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় এবং তজ্জন্য কোন সংশোধনী বা পরিপোষক দলিল করিবার আবশ্যক হইলে তাহাও আপনার খরচায় ও আপনার তলবমত আমরা বেওজর ও বিনাপণে উক্ত প্রকার দলিলাদি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে, বিনা প্ররোচনায়, অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পণের সমুদয় টাকার প্রাপ্তি স্বীকারে, স্বেচ্ছায় ও সজ্ঞানে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সম্পাদন করিলাম। ইতি তারিখ — বাংলা সন ১৩৯১ সাল ২১শে চৈত্র ইংরাজি ১৯৮৫ সালের - ৪ঠা এপ্রিল

বিক্রীত তপশীলসম্পত্তির পরিচয় :—
* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

জেলা ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ, অতঃপর যাদবপুর, বর্তমানে কশবা থানার এলাকাধিন, পরগণা খাসপুর, সাবরেজিষ্ট্রী আলিপুর, কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানের অন্তর্গত, জেলা কালেকটারীর ৩ - ৫, ১২ নং তৌজিভুক্ত, রেঃ সাঃ নং ২, জেঃ এলঃ ২০ নং মৌজা — কালিকাপুর গ্রামে উর্দ্ধতন মালিক পশ্চিমবঙ্গ রাজ্য


4/4/85

## OUT SCHEME PLAN PORTION OF R.S. PLOT NR 365, IN MOUZA – KALIKAPUR, J.L. NR 20, P.S. KASBA, DIST. 24-PARGANAS, CALCUTTA MUNICIPAL CORPORATION.

SCALE 1" = 50'

SELL AREA SHOWN IN RED BORDER

| SCHEME PLOT NR | PORTION OF R.S. PLOT NR | AREA K. | AREA CH. | AREA SFT. |
|---|---|---|---|---|
| 17 | 365 | 3 | 15 | 30 |




S. nandy
Surveyor
16. 11. 84

One Plan attached

Book No - I

Volume No - 78

Page No - 45

Being No - 4577

for the year 1985 (SEAL)

Sd/- K. Chakraborty

Registrar U/S 7(2)

Alipore 24 Parganas.

19/2/86

4/4/85

শ্রী শঙ্কর কুমার দেব

॥ ৭ ॥

সরকার পক্ষে ২৪ পরগণা কালেকটার বাহাদুর অধিন রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সাবেক ১৫৫ নং খতিয়ানভুক্ত মোট ৮.১১ শতক জমির কাত বার্ষিক ৩১ টাকা জমার জমি মধ্যে সাবেক খতিয়ান ১৫৫ নং হাল ১৬৯ নং খতিয়ানের অধিন সাবেক $\frac{৩০৬}{৩১৩}$ তিনশত ছয়ের বাটা তিনশত তের নং দাগে হাল ৩৬৫ তিনশত পঁয়ষট্টি নং দাগে ৩ তিন কাঠা ১৫ পনের ছটাক ৩০ ত্রিশ স্কোয়ার ফুট পরিমিত শালি জমি যাহা অত্র দলিল সাথ সংযোজিত নকসায় লাল রঙের সীমারেখা দ্বারা সীমা চিহ্নিত করিয়া প্রদর্শিত এবং ১৭ নং স্কীমপ্লটভুক্ত হিসাবে প্রদর্শিত রহিল তাহাই যায় সংলগ্ন দক্ষিণ ও পশ্চিম পার্শ্বস্থ ২০′ ফুট প্রশস্ত রাস্তার উপরি ও তলদেশের যাবতীয় ইজমেন্টরাইট সমেত সম্পত্তি অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। তাহার বার্ষিক হারাহারি খাজনা ·২৮ পয়সা মাত্র ॥

তাহার চৌহাদ্দি :—
**************

উত্তর :- ১৮ নং স্কীমপ্লট,
পূর্ব্ব :- ৩৬৬ নং দাগের জমি।
দক্ষিণ :- ২০′ ফুট প্রশস্ত রাস্তা,
পশ্চিম :- ২০′ ফুট প্রশস্ত রাস্তা।

পণের টাকার জায় :—
*****************

অদ্যনোটে ও নগদে প্রাপ্ত --- --- ৫৯৬৯ টাকা।
যবলগে পাঁচ হাজার নয়শত উনসত্তর টাকা মাত্র।

শ্রী শঙ্কর কুমার দেব

ইসাদী :—

(১) ... রায়
৭১২/১ ... এভেনিউ
কলি - ৩২।

(২) শ্রী গোপাল দাস রায়
মুকুন্দপুর কলোনী
কলিকাতা ৭৮

মুসাবিদাকারক :—
**************

শ্রী ...
দলিল লেখক, আলিপুর।
লাইসেন্স নং - ১২৯।

টাইপকারক :—
***********

শ্রী ...

আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা - ২৭।

Book I

Volume No 78

Pages 35 to 45

Being No 4577

for the Year 1986

4/4/85

[illegible]
24-Parganas
19/2/86